# অতল জলের গভীরতা

আতিকুর ফরায়েজী

পয়স্তি প্রকাশন

# অতল জলের গভীরতা
## আতিকুর ফরায়েজী


| | |
|---|---|
| প্রকাশকাল | : একুশে গ্রন্থমেলা–২০২৫ |
| প্রকাশক | : পয়স্তি প্রকাশন<br>আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা– ৭২১০।<br>ঢাকা অফিস : ২/৮৪, এভিনিউ–১, কালশি রোড, সেকশন–১২, ব্লক– বি, ঢাকা–১২১৬। |
| অনলাইন পরিবেশক | : www.rokomari.com |
| প্রচ্ছদ | : শোভানবীন |
| মুদ্রণ | : ফরায়েজী গ্রাফিক্স হাউজ |
| মূল্য | : ২৭০ টাকা |
| স্বত্ব | : লেখক |
| ISBN | : 978-984-97704-1-1 |

*Otol Joler Gobhirata* by *Atiqur Forayeji*
Publication of Payasti Prokashon
First Published Ekushey Granthamela-2025
Price Tk 270.00  $ 10.00

# ক । বি । তা । ক্র । ম


আমার প্রিয়া ৭
নদী ও তুমি ৯
সময়ের দাগ ১০
শরৎ ১১
বৈশাখের এই দিনে ১২
আমার ভালোবাসা ১৩
ভালোবাসার অনুভূতি ১৫
বোধ ১৭
আবছায়া ১৯
রাষ্ট্র তুমি রঙিন তলোয়ার ২০
রক্তাক্ত জোছনা ২১
পরিচয় ২২
জন্মভূমি ২৩
নতুন সকাল ২৪
জন্মান্তর ২৫
নির্জন গ্রহ ২৭
নির্ভার ২৮
নিঃসজ্ঞাতা ২৯
অপেক্ষা ৩০
প্রিয়তমা ৩১
মায়া ৩২
নিঃশব্দের রাত ৩৩
অদ্রূপ ৩৪
৩৫ তোমার ছায়ার পথ ধরে
৩৭ নক্ষত্রপাঠ
৩৮ অন্তরাল
৩৯ নবজাগরণ
৪২ নিঃশ্বাসে শীতের ছায়া
৪৩ রূপকথার উপাখ্যান
৪৪ বিস্মৃতির গল্প
৪৫ নাক্ষত্রিক অনন্ধকার
৪৭ বাধার ভেতরে মৌনতা
৪৮ প্রাচীন জলছবি
৫০ প্রেম
৫১ অনুভব
৫৩ অবসান
৫৪ হেমন্ত
৫৫ এক পিতার প্রতীক্ষা
৫৬ চিরকাল একা চাঁদ
৫৮ প্রথম প্রেমের নিঃশব্দ প্রতিধ্বনি
৫৯ মধুসূদনের প্রতি
৬০ অলৌকিক শূন্যতা
৬১ মাটির বন্ধন
৬২ অপারে বসন্ত
৬৩ প্রাক্তন

# আমার প্রিয়া

চাঁদের আলোয় আমার প্রিয়ার মুখ—
গভীর জলে মারমেডের মুখের মতো
ঝিলমিল করে।
হালকা হাওয়ায় দোলা দিয়ে যায়
রূপালী মেঘের মতো চুল।
কুস্তরীর ঘ্রাণের মতো ঝাঁঝালো করে
দোলা দিয়ে যায় কানের বকুল।

আমি বুঁদ হয়ে পড়ে থাকি,
ঝিঁঝি ডেকে যায়;
সাথে বেওয়ারিস কুকুরেরাও
আমার পথের পাশে প্রতিবাদ জানায়।
মায়াবী এ চাঁদের রাতে—
আমি ভেসে যায় নীল জোছনায়।
আর তুমি!
না জানি কোথায়!
কোন সুখের সমুদ্রে আছো
পাল ছাড়া মাঝিদের নায়ে।

প্রিয়তমা,
চেয়ে দেখ এ রাত—
নিশ্চুপ নিথর কোনো পাথরের মতো নয়।
তার শূন্য বুকের পিপাসু হৃদয়—
আমার আবেগগুলো নিংড়িয়ে নেয়।

এ জোছনায়—
আমার আকাশের মেঘ
যদি কখনো তোমার ছাদে বৃষ্টি নামায়—

গড়ে প্রতিরোধ।
ভেঙে দিও; ঝেড়ে দিও ক্ষোভ।
মন ভরে ভিজে নিও।
মনের আবেগগুলো বৃষ্টি হয়ে
ধুয়ে দেবে তোমার সব বোধ।

২১ মার্চ ২০২৪

# নদী ও তুমি

নদী আর তুমি—
এক হয়ে মিশে আছো দূর নীলিমায়।
আমি খুঁজি তোমাকে পেরিগ্রিনির চোখে
কিংবা ব্লাক মার্লিনের সীমানায়।

তুমি অসীম, অপরিসীম হয়ে মিশে গেছ নদীর সাথে।
তোমার চাহনি যেন দিকভোলা নাবিকের চোখ;
মধ্যদুপুরে তৃষা হয়ে মুছে যায়।
নদীর যে তরঙ্গ আকাশে মিশে যায়
অবিচল, অস্তিত্বহীন নির্যাতিত প্রেমিকের মতো—
তুমিও তাদের চেয়ে কম নও।

তোমার আভাস যেন নদীর কিনারার চর।
সুর এসে বালুকাতে লিখে যায়,
কত গল্প ঢেউ হয়ে মিশে যায় ।
বালিতে বালিতে তার প্রমাণ—
বয়ে নিয়ে বেড়ায় এ জনপদ।
তুমি তার খোঁজ রাখনি কোনোদিন।

তুমিতো তোমার স্বপ্ন নিয়ে
বুক পেতে চেয়ে আছো আকাশের দিকে।
কোনোদিন দেখিনি তোমাকে।
তবু তীরে আমার বুক খা খা করে।
তোমার উপমা আর অজানা গান নিয়ে—
আমি তোমাকে জানতে চাই;
আমিও নদীর সাথে লীন হতে চাই।

২৪ মার্চ ২০২৪